রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মার্চ ৫, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২১ ফাল্গুন ১৪২৫/০৫ মার্চ ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৯.০৭২—গত ২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বুধবার রাতে রাজধানীর চকবাজারের নন্দকুমার দত্ত রোড ও চুরিহাট্টা শাহী জামে মসজিদ রোড এলাকায় ভয়াবহ অগ্নিদুর্ঘটনায় ৭১ জন নিহত এবং ৫৫ জন আহত হয়েছেন। অনাকাঙ্ক্ষিত এই ঘটনায় জাতি গভীরভাবে শোকাহত।

২। এ মর্মান্তিক ঘটনায় নিহত ব্যক্তিদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে, তাঁদের পরিবারের শোকসন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এবং পরম করুণাময় আল্লাহতায়ালা যেন তাঁদেরকে শোক বহন করার ক্ষমতা দেন ও আহত ব্যক্তিগণ যাতে দ্রুত আরোগ্য লাভ করেন, সে প্রার্থনা করে মন্ত্রিসভার ২০ ফাল্গুন ১৪২৫/০৪ মার্চ ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভা বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব



মূল্য ঃ টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

২০ ফাল্গুন ১৪২৫
ঢাকা: ----------------------
০৪ মার্চ ২০১৯

গত ২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বুধবার রাতে রাজধানীর চকবাজারের নন্দকুমার দত্ত রোড ও চুরিহাট্টা শাহী জামে মসজিদ রোড এলাকায় ভয়াবহ অগ্নিদুর্ঘটনায় ৭১ জন নিহত এবং ৫৫ জন আহত হয়েছেন। অনাকাঙ্ক্ষিত এই ঘটনায় জাতি গভীরভাবে শোকাহত। দেশবাসীর সঙ্গে মন্ত্রিসভা এ মর্মান্তিক ঘটনায় নিহত ব্যক্তিদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁদের আত্মার মাগফেরাত কামনা করছে। মন্ত্রিসভা সকল নিহত ব্যক্তির পরিবারের শোকসন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে ও পরম করুণাময় আল্লাহতায়ালা যেন তাঁদেরকে শোক বহন করার ক্ষমতা দেন এবং আহত ব্যক্তিগণ যাতে দ্রুত আরোগ্য লাভ করেন, সে প্রার্থনা করছে।

উল্লেখ্য, উক্ত অগ্নিকান্ডের অব্যবহিত পরে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সার্বিক নির্দেশনায় সফলভাবে অগ্নিনির্বাপণ ও সর্বাত্মক উদ্ধার কার্যক্রম, নিহত ব্যক্তিদের সনাক্তকৃত লাশ স্বজনদের কাছে হস্তান্তর এবং আহত ব্যক্তিদের যথাযথ চিকিৎসা-সেবাসহ আর্থিক সহায়তা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। গত ২২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে দেশের সকল মসজিদে নিহত ব্যক্তিদের আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে নিহতদের আত্মার শান্তির জন্য প্রার্থনা করা হয়। এ ছাড়া গত ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে নিহত ব্যক্তিদের বিদেহী আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে রাষ্ট্রীয়ভাবে শোক পালন করা হয়।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd